

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪০/২০১৪

তারিখ : ০৩/০৬/২০১৪ খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

২০ জ্যৈষ্ঠ, ১৪২১ বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর বিজ্ঞপ্তি নং-৮৩ তারিখঃ ০১/০৬/২০১৪খ্রিঃ সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

নং- ৮৩

তারিখঃ ১/৬/১৪

বিষয় : প্রাক-বাজেট সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৫/০৬/২০১৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার ২০১৪-২০১৫ অর্থ বছরের জাতীয় বাজেট ঘোষণা হতে যাচ্ছে। ইতোমধ্যে ০১ সেপ্টেম্বর ২০১৩ হতে কাস্টম হাউস, চট্টগ্রামে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর মাধ্যমে আমদানি ও রপ্তানি কার্যক্রম শুরু হয়েছে। এর ফলশ্রুতিতে বিগত অর্থ বছরের ন্যায় এ বছরেও বাজেটে কিছু সংখ্যক আমদানিকৃত পণ্যের শুল্কহার পরিবর্তনের সম্ভাবনা থাকায় সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে নিম্ন বর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হ'লঃ

- আগামী ০১/০৬/২০১৪খ্রিঃ তারিখ হতে ০৫/০৬/২০১৪খ্রিঃ তারিখ পর্যন্ত পণ্যবাহী জাহাজের বন্দরে আগমন নিশ্চিত হওয়া সাপেক্ষে অনলাইনে দাখিলকৃত IGM এর রেজিস্ট্রেশন প্রদান করা হবে। IGM শাখার অফিস সহকারী কোন জাহাজের বিপরীতে দাখিলকৃত মেনিফেস্ট এর রেজিস্ট্রেশন প্রদানের পূর্বে ঐ জাহাজ বাংলাদেশের জলসীমায় প্রবেশ করেছে কিনা তা নিশ্চিত হয়ে IGM শাখার দায়িত্বপ্রাপ্ত এ্যাসিস্ট্যান্ট কমিশনারের অনুমোদন সাপেক্ষে রেজিস্ট্রেশন প্রদান করবেন।
- ইতোমধ্যে যে সকল IGM এর রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে সে সকল IGM এর ক্ষেত্রে জাহাজ বন্দরে আগমন নিশ্চিত হওয়া সাপেক্ষে Bill of Entry দাখিলের অনুমতি প্রদান করা হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য IGM শাখার অফিস সহকারী যে সকল জাহাজ এখনও বন্দরে আসে নাই কিন্তু রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে সে সকল জাহাজের একটি তালিকা প্রস্তুত করবেন। তালিকা অনুযায়ী IGM শাখার দায়িত্বপ্রাপ্ত এ্যাসিস্ট্যান্ট কমিশনার সংশ্লিষ্ট IGM/Bill of Lading সমূহ ব্লক করে রাখবেন। পরবর্তীতে জাহাজ বন্দরে আগমন নিশ্চিত হওয়া সাপেক্ষে IGM/Bill of Lading সমূহ আনুল্লক করে Bill of Entry দাখিলের জন্য উন্মুক্ত করবেন।
- বাজেট ঘোষণার পূর্বদিন অর্থাৎ ০৪/০৬/২০১৪খ্রিঃ তারিখ বিকাল ৫.০০টা হতে পরের দিন অর্থাৎ ০৫/০৬/২০১৪ খ্রিঃ রাত ১২.০০টা পর্যন্ত অনলাইনে Bill of Entry দাখিলের কার্যক্রম বন্ধ থাকবে। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, AWIP, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা বিষয়টি নিশ্চিত করবেন।
- ঘোষিত বাজেটে যে সকল পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য H. S Code (Tariff Line) এর বিপরীতে শুল্ক-কর পরিবর্তন (হ্রাস/বৃদ্ধি) করা হবে, সে সকল ক্ষেত্রে ০৬/০৬/২০১৪খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দাখিলকৃত Bill of Entry সাময়িক শুল্কায়ন করতে হবে এবং শুল্কায়িত Bill of Entry "সাময়িক শুল্কায়িত" মর্মে সীল প্রদান করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট বিল অব এন্ট্রির Inspection Act-এ সাময়িক শুল্কায়নের বিষয়টি লিপিবদ্ধ রাখতে হবে। অতঃপর বাজেট চূড়ান্তভাবে অনুমোদনের পর চূড়ান্ত বাজেট দলিলাদির ভিত্তিতে চূড়ান্ত শুল্কায়ন করতে হবে।
- শুল্কহারের পরিবর্তন (যদি থাকে) এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আপডেট না হওয়া পর্যন্ত ০৫-০৬-২০১৪ খ্রিঃ তারিখের পরে দাখিলকৃত কোন বি/ই শুল্কায়ন করা যাবে না।
- কোন IGM সংশ্লিষ্ট Bill of Lading এর বিপরীতে ০৫/০৬/২০১৪ খ্রিঃ তারিখের পূর্বে দাখিলকৃত Bill of Entry যেন ০৫/০৬/২০১৪ খ্রিঃ তারিখের পর পুনরায় দাখিল করা না হয় তা সিস্টেমে নিশ্চিত করতে হবে। এ্যাসাইকুডা ওয়ার্ল্ড টীম এবং কাস্টম হাউস, চট্টগ্রামের সিস্টেম এ্যানালিস্ট/এ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার এ বিষয়ে ব্যবস্থা নিবেন।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল।

স্বাঃ/-

(মোঃ মাসুদ সাদিক)

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফো নং-০৩১-৭১৩৯১৮

তারিখঃ ১/৬/১৪

নথি নং-এস-২৩/আমদানি-০৯(অংশ-৪)/৬৩১৭ কাস

পৃষ্ঠা নং - ৪৬